কুশমণ্ডিতে ফের আটক হল উট, ক্ষোভ

কুশমণ্ডি, ১৩ ফেব্রুয়ারি ঃ আবার ধরা পড়ল উট। সোমবার বিকেলে কুশমণ্ডির কুরশাপুকুর গ্রাম থেকে ৫টি উট ধরা পড়েছে। বিশেষ সূত্রে খবর পেয়ে সোমবার বিকেলে ওই গ্রামের শেষে প্রথমে উট ধরতে হানা দেন বিডিও অমূল্যচন্দ্র সরকার। উটের হদিস পেয়ে তিনি থানাকে জানালে কুশমণ্ডি থানার আইসি শ্যামল বিশ্বাস গিয়ে উটগুলিকে থানায় নিয়ে আসেন। উট উদ্ধার করতে গিয়ে গ্রামবাসীদের ক্ষোভের মুখেও পড়েন কুশমণ্ডি থানার আইসি। গ্রামবাসীরা জানান, সুদূর রাজস্থান থেকে উটগুলিকে আনা হয় স্থানীয় ইসলাম ধর্মাবলম্বী মানুষদের কোরবানির জন্য। পথে কোথাও বাধা দেওয়া হয় না। এই উট বিক্রি হয় তপন সহ জেলার বিভিন্ন জায়গায়। কিন্তু গ্রামে আনার পরেই সেই উট ধরতে পুলিশ ও প্রশাসন ছুটে আসে। উল্লেখ্য, চার বছর আগেও আমিনপুরের খোলা বাজারে উট বিক্রি হত। গত দু'বছর ধরে প্রশাসনের চাপে উট বিক্রি বন্ধ। এরপরেও লুকিয়ে উট বিক্রি চলছে বলে প্রশাসনের কাছে খবর আসে। গত সপ্তাহে একটি অসুস্থ উট ধরতে সক্ষম হয় কুশমণ্ডি থানার পুলিশ। তারপর গতকাল ৫টি উট ধরা পড়ে। প্রশাসন সূত্রে খবর, যে জায়গা থেকে উটগুলি পাওয়া গেছে সেই কুরশাপুকুর গ্রামের আশেপাশের এলাকায় আরো উট থাকতে পারে। কুশমণ্ডি ব্লক প্রশাসনের দাবি, আরো কমপক্ষে ৭-৮টি উট আছে ওই এলাকায়। সেই উট ধরতে প্রশাসনের পক্ষে তল্লাশি চালানো হচ্ছে বলে জানিয়েছেন মহকুমাশাসক দেবাঞ্জন রায়। তিনি বলেন, 'উট বিক্রি নিষিদ্ধ জানার পরেও এই কাজে যুক্ত হচ্ছেন বেশ কিছু মানুষ। আমরা তাদের নামের তালিকা তৈরি করছি।' –**সংবাদ নিউজ সার্ভিস**

কুশমণ্ডিতে এই উটগুলি আটক করেছে পুলিশ ও প্রশাসন। ছবিটি তুলেছেন সৌরভ রায়।

সুশ্রী প্রকল্পে রাজ্যে প্রথম বালুরঘাট হাসপাতাল

বালুরঘাট, ১৩ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ি হাসপাতালকে পেছনে ফেলে এবারে সুশ্রী (কায়াকল্প) প্রকল্পে রাজ্যে প্রথম স্থান অধিকার করল বালুরঘাট হাসপাতাল। প্রায় ৯৪ শতাংশ নম্বর পেয়ে বালুরঘাট হাসপাতালের মুকুটে এই নতুন পালক জুড়ল। মঙ্গলবার ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে রাজ্যের স্বাস্থ্যদপ্তরের মুখ্য সচিব অনিল ভার্মা এই ঘোষণা করেন। এদিন এই ঘোষণার পরেই জেলা স্বাস্থ্যদপ্তর ও জেলা হাসপাতালে খুশির হাওয়া ছড়িয়েছে। প্রথম হওয়ার জন্য রাজ্য থেকে ৫০ লক্ষ টাকা পুরস্কার মূল্যও পাবে এই হাসপাতাল। চিকিৎসক, নার্স, অফিস কর্মচারী ও স্বাস্থ্যকর্মীদের ঐকান্তিক প্রচেষ্টাকেই সাধুবাদ জানিয়েছেন হাসপাতাল সুপার তপন বিশ্বাস। গত বছর এই প্রকল্পে পঞ্চম স্থান পেয়েছিল বালুরঘাট হাসপাতাল। তবে একবছরে আরো পরিশ্রম করে ও পরিসেবা উন্নয়নে জোর দিয়ে এবছর প্রথম স্থানে উঠে এসেছে জেলা হাসপাতাল। গতবারের প্রথম স্থান পাওয়া শিলিগুড়ি হাসপাতাল এবারে দ্বিতীয় স্থানে নেমে গিয়েছে। এই প্রকল্পের শর্ত অনুযায়ী প্রথম স্থান পাওয়া হাসপাতাল পাবে ৫০ লক্ষ টাকা, দ্বিতীয় স্থানাধিকারী হাসপাতাল পাবে ২০ লক্ষ টাকা এবং তৃতীয় থেকে পঞ্চম স্থানাধিকারী হাসপাতাল পাবে তিন লক্ষ টাকা করে। পুরস্কার মূল্য হাসপাতালের পরিকাঠামো উন্নয়নে খরচ করা হবে বলে প্রাথমিক ভাবনা রয়েছে বালুরঘাট জেলা হাসপাতাল কর্তৃপক্ষের।

কেন্দ্রীয় সরকারের 'কায়াকল্প' প্রকল্পের নাম বদলে রাজ্যে 'সুশ্রী' নাম দিয়ে প্রতিযোগিতা চালু হয়েছে। এই প্রতিযোগিতার শর্তে তিন দফায় হাসপাতালগুলিতে সমীক্ষা ও পরিদর্শনের কাজ চলে। প্রথম দফায় প্রতিযোগী হাসপাতাল কর্তৃপক্ষ নিজেরাই নিজেদের সমীক্ষা করান। দ্বিতীয় পর্বে প্রতিযোগী অন্য এক হাসপাতাল আর এক হাসপাতালের সমীক্ষা করতে যায়। এই দুই দফাতে অন্তত ৭০ শতাংশ নম্বর পেলে, তবেই একটি হাসপাতাল চূড়ান্ত পর্যায়ে স্থান পায়। এরপর শেষ দফায় রাজ্য স্বাস্থ্যদপ্তরের পরিদর্শক দল রাজ্যের প্রতিযোগিতায় অংশ নেওয়া হাসপাতালগুলি পরিদর্শন করেন। কয়েকদিন ধরে চুলচেরা সমীক্ষার পর নম্বর দেন। সমীক্ষাতে দলগুলি মোট ৬টি বিষয়ের ওপর নজর দেন। সবকটি অভ্যন্তরীণ পরিসেবা সম্পর্কিত বিষয়। এই ৬টি বিষয়ে রয়েছে মোট ৫০০ নম্বর। সেগুলি হল, হাসপাতালে উন্নতিকরণ, জীবাণু নিয়ন্ত্রণ, বিশুদ্ধতা ও জনস্বাস্থ্য, বায়ো মেডিকেল ওয়েস্ট ম্যানেজমেন্ট, হাইজিন প্রোমোশন ও সহযোগী পরিসেবা। এইসব বিষয়গুলির ওপরেই কোনো হাসপাতাল কেমন উন্নতিকরণ করেছে, সেগুলিই প্রধান বিচার্য বিষয় থাকে। বালুরঘাট হাসপাতাল এই বিষয়গুলিতে গতবারের তুলনায় এবছর আরো নজর দিয়েছে। হাসপাতালের কর্মীরা পরিশ্রম করার দিকে জোর দেওয়ায় এবারে বালুরঘাট হাসপাতাল রাজ্যে প্রথম স্থান পেয়েছে। ফলে হাসপাতালে চিকিৎসক থেকে কর্মী সকলেই প্রবল খুশি। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুকুমার দে বলেন, 'এদিন ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে মার্কশিট প্রকাশ করা হয়। বালুরঘাট হাসপাতাল প্রথম হয়েছে। এমন বিরাট প্রাপ্তিতে আমরা খুশি। সুপার তপন বিশ্বাস বলেন, 'জেলা হাসপাতাল একটা টিম হিসাবে কাজ করে। এটা আমাদের টিমের সাফল্য। আরো ভালো করার চেষ্টা চালাতে হবে আমাদের।

সমাজসেবায় বালুরঘাট গার্লস স্কুলের ছাত্রীরা

বালুরঘাট, ১৩ ফেব্রুয়ারি ঃ বালুরঘাট গার্লস হাইস্কুলের এনএসএস ইউনিটের উদ্যোগে বালুরঘাট রেলস্টেশন মাঠে একদিনের এক বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানকে সামনে রেখে স্কুলের ছাত্রীরা নিজেদের টিফিনের বাঁচানো টাকা দিয়ে স্থানীয় এলাকার গোবিন্দপুর প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের পড়াশোনার উপকরণের পাশাপাশি এলাকার দুস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করে। অনুষ্ঠানে স্কুল পরিদর্শক (পশ্চিমচক্র) রাহুলশংকর শেঠ, জেলা শিশু সুরক্ষা ইউনিটের পিওআইসি সুবোধ দাস, জেলা মহিলা সুরক্ষা আধিকারিক তরুণ সামন্ত, চাইল্ড লাইনের কো-অর্ডিনেটর সুরজ দাশ, গোবিন্দপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুবীর চক্রবর্তী, বালুরঘাট গার্লস হাইস্কুলের সহশিক্ষিকা সুচিত্রা মণ্ডল প্রমুখ উপস্থিত ছিলেন। ১২ ফেব্রুয়ারি ক্যাম্প শুরু হয়েছে। চলবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। বিদ্যালয়ের ছাত্রছাত্রী মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। সকালে গার্লস স্কুলের ছাত্রীরা বর্ণাঢ্য র‍্যালি করে রেলস্টেশন মাঠে পৌঁছায়।

GOVERNMENT OF INDIA, MINISTRY OF RAILWAYS
RAILWAY RECRUITMENT BOARDS

Advertisement for
CENTRALISED EMPLOYMENT NOTICE (CEN) No. 02/2018
(Recruitment for Various Posts in Level 1 of 7th CPC Pay Matrix)

Centralised Employment Notice (CEN) No. 02/2018 dt. 10.02.2018 for the posts in Level 1 of 7th CPC Pay Matrix in various units of Indian Railways has been published on the official websites of RRBs as mentioned below. The applications complete in all respect should be submitted by the candidates **ONLINE ONLY** to the RRB of their choice before **23.59 hrs. of 12.03.2018**.

Name of RRB	Website Address	Name of RRB	Website Address
Ahmedabad	www.rrbahmedabad.gov.in	Chennai	www.rrbchennai.gov.in
Ajmer	www.rrbajmer.gov.in	Gorakhpur	www.rrbgkp.gov.in
Allahabad	www.rrbald.nic.in	Guwahati	www.rrbguwahati.gov.in
Bangalore	www.rrbbnc.gov.in	Kolkata	www.rrbkolkata.gov.in
Bhopal	www.rrbbpl.nic.in	Mumbai	www.rrbmumbai.gov.in
Bhubaneswar	www.rrbbbs.gov.in	Patna	www.rrbpatna.gov.in
Bilaspur	www.rrbbilaspur.gov.in	Ranchi	www.rrbranchi.gov.in
Chandigarh	www.rrbcdg.gov.in	Secunderabad	www.rrbsecunderabad.nic.in

No. RRB/BNC/RT/Advt/05/2018
Date : 10.02.2018

Chairpersons
Railway Recruitment Boards

সিভিকের অস্বাভাবিক মৃত্যু

ইটাহার, ১৩ ফেব্রুয়ারি ঃ অস্বাভাবিক মৃত্যু হল ইটাহার থানার এক সিভিক ভলান্টিয়ারের। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়েছেন ওই যুবক। মৃত ওই সিভিক ভলান্টিয়ারের নাম প্রদীপ সরকার। বাড়ি ইটাহারের পাড়ের গ্রামে। তিনি ইটাহার থানায় কর্মরত ছিলেন। গত শুক্রবার রাতে বাড়ির পাশে একটি গাছে গলায় ফাঁস লাগিয়ে তিনি আত্মঘাতী হন বলে পুলিশসূত্রে জানা গেছে। শনিবার স্থানীয় বাসিন্দারা ও পরিবারের লোকজন তাঁর ঝুলন্ত দেহ দেখতে পেলে পুলিশকে খবর দেওয়া হয়। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ জেলা হাসপাতালে পাঠানো হয়। কী কারণে তিনি আত্মঘাতী হলেন, তা স্পষ্ট নয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। সহকর্মীর আচমকা মৃত্যুতে শোকের ছায়া নেমেছে ইটাহার থানার সিভিক ভলান্টিয়ার মহলে। মঙ্গলবাল বিকেলে ইটাহার থানার ওসি নন্দন কুমার সহ অন্যান্য আধিকারিক ও সিভিক ভলান্টিয়াররা প্রদীপের মরদেহে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। ওসি নন্দন কুমার বলেন, 'খুবই দুঃখজনক ঘটনা। মৃত্যুর কারণ আমরা খতিয়ে দেখছি।' *–সংবাদ নিউজ সার্ভিস*

অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সাফাই অভিযান সপ্তাহের সূচনা

রায়গঞ্জ, ১৩ ফেব্রুয়ারি ঃ পতঙ্গবাহিত অসুখ মোকাবিলায় উত্তর দিনাজপুরের সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিশেষ সাফাই কর্মসূচি সপ্তাহ শুরু হয়েছে সোমবার। জেলাশাসক আয়েষা রানির উদ্যোগে এই প্রথম অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সাফাই অভিযানের এমন কর্মসূচি এজেলায়। ১২-১৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে এই সাফাই অভিযান। জেলাশাসক দপ্তরের সমস্ত এডিএম, এসডিও ছাড়াও সমস্ত ডেপুটি ম্যাজিস্ট্রেট এবং ব্লক পর্যায়ে বিডিও, যুগ্ম বিডিও এবং সিডিপিওদের এই সাফাই অভিযানে সরাসরি নামানো হয়েছে। জেলার ৯ ব্লকের ৯৮টি পঞ্চায়েত এলাকায় এই সরকারি অফিসারদের তত্ত্বাবধানে চলবে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সাফাই অভিযান। এই অভিযানে শামিল থাকবে সেই পঞ্চায়েতের সদস্য, স্বাস্থ্য ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী, আইসিডিএস সুপারভাইজার, শিক্ষক, স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, নির্মল বন্ধু, স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধি সহ সকলেই।

সম্প্রতি উত্তর দিনাজপুরের করণদিঘি ব্লকের একটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে খাবার খেয়ে শিশুদের অসুস্থ হওয়ার ঘটনা ঘটেছিল। সেই ঘটনা থেকে শিক্ষা নিয়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পরিচ্ছন্নতা বজায় রাখতে জেলাশাসকের এই বিশেষ উদ্যোগ বলে জানা গেছে। সোম থেকে শুক্রবার পর্যন্ত এই পরিচ্ছন্নতা অভিযানে প্রশাসনের দল প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে যাবে। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভেতর ও বাইরে সাফাই ছাড়াও পরিচ্ছন্নতার বিষয়গুলি নিশ্চিত করতে পদক্ষেপ নেবে। প্রশাসন সূত্রে জানা গেছে, এদিন থেকে শুরু হওয়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সাফাই কর্মসূচি সফল করে তুলতে ঝাড়ু হাতে নেমেছে সরকারি অফিসারদের নেতৃত্বে দল। সাফাই ছাড়াও পরিচ্ছন্নতা নিয়ে সচেতনতা বাড়াতে ফ্লেক্স ও ব্যানার লাগানো হচ্ছে প্রশাসনের পক্ষে জেলার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে।

এজেলার ৯ ব্লকের মোট ৩,৭৩৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র আছে। এর অধীনে শিশু ও প্রসূতি মা মিলিয়ে উপভোক্তার সংখ্যা কয়েক লক্ষ। সপ্তাহে ৬ দিন অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকে উপভোক্তাদের পুষ্টিকর খাবার দেওয়া হয়। এর সঙ্গে শিশুদের প্রাক্ প্রাথমিক শিক্ষা দেওয়া হয়। ছয় বছরের কম শিশু এবং প্রসূতি মায়েদের স্বাস্থ্যের ওপর নজর রাখা হয় অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মাধ্যমে। জেলার কিছু অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নিজস্ব ভবন সহ পরিকাঠামো থাকলেও এখনো অনেক অঙ্গনওয়াড়ি কেন্দ্র চলছে ভাড়ার বাড়ি অথবা গৃহস্থবাড়ির একাংশে। এগুলিতে পরিকাঠামো নেই। নেই পানীয় জল সহ সুষ্ঠু শৌচালয় ব্যবস্থা। খাবার রান্না হয় স্বাস্থ্যবিধি অমান্য করে। ফলে অঘটনের আশঙ্কা থাকছেই। এর সঙ্গে নিজস্ব ভবন থাকলেও অনেক কেন্দ্রের হাল খারাপ। এসব দেখেশুনে অঘটন মোকাবিলায় আগাম সতর্ক হয়ে স্বাস্থ্যবিধানের উপর জোর দিতে এই পরিচ্ছন্নতা সপ্তাহ পালনের উদ্যোগ জেলাশাসকের বলেই খবর।

সম্মেলন উপলক্ষ্যে গাজোলে মিছিল। ছবিটি তুলেছেন পঙ্কজ ঘোষ।

কৃষক সংগঠনের সম্মেলন গাজোলে

গাজোল, ১৩ ফেব্রুয়ারি ঃ সারা ভারত ক্রান্তিকারী কৃষকসভার উদ্যোগে প্রথম রাজ্য সম্মেলন ও প্রতিনিধি সভা অনুষ্ঠিত হল গাজোলের কদুবাড়ি এলাকায়। একটি বেসরকারি লজে সোমবার দুপুর বারোটা থেকে বিভিন্ন ব্লক ও অঞ্চলের প্রতিনিধিরা আসতে শুরু করেন। সম্মেলন শুরুর আগে গাজোলের রাস্তায় একটি র‍্যালি বের হয়। কদুবাড়ি এলাকা থেকে গাজোল পরিক্রমা করে। এই সভায় রাজ্য, জেলা ও ব্লক নেতৃত্বরা উপস্থিত ছিলেন। এই দিনের এই সম্মেলনে কয়েকশো প্রতিনিধি উপস্থিত ছিলেন।

NOTICE

No. HO-2017-18/360, dated, 13/02/2018

The Dakshin Dinajpur District Central Cooperative Bank Ltd. invites application from eligible retired bank staff to be engaged as SHG Supervisor of this Bank on contractual basis subject to fulfilment of eligibility criteria as fixed by the Bank. Eligible applicants are requested to appear before the interview board on **21st February, 2018 at 1:00 pm,** at the **H.O.** of this Bank at Kachari Road, Balurghat, Dakshin Dinajpur- 733101. For details contact to the aforesaid address of the Bank.

Sd/-
CEO
The DDDCCB Ltd.

TENDER NOTICE

No. HO-NIT-05/2017-18, dated, 13/02/2018

The Dakshin Dinajpur District Central Cooperative Bank Ltd. invites sealed quotations from the eligible agencies / farms for CAMC for Computer Hardware, Peripherals etc. at seven branches. Sealed quotations must be submitted **by 04.00 pm on or before 20/02/2018** to H.O. of the Bank at Kachari Road, Balurghat, Dakshin Dinajpur- 733101. Tender opening- **21/02/2018 at 01:00 pm.** For details contact to the aforesaid address of the Bank.

Sd/-
Asst. Manager (IC)
The DDDCCB Ltd.

NIOS
কর্মরত প্রশিক্ষণহীন শিক্ষকদের জন্য প্রকাশিত হলো
LAST MINUTE SUGGESTION
501, 502, 503 একত্রে **160/-**
সৃজনী // ৫২/১, সীতারাম ঘোষ ষ্ট্রিট, কলকাতা-৯
2219 2870 / 9932363272